

এনসিটিবি কার্যালয় আকস্মিক পরিদর্শনে শিক্ষামন্ত্রী

পাঠ্যপুস্তক ছাপা ও বিতরণের প্রস্তুতি যথাসময়ে সম্পন্ন করার নির্দেশ

ঢাকা, ৩১ জুলাই, ২০১৭

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ ঢাকার মতিঝিলে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কার্যালয় আকস্মিকভাবে পরিদর্শনে যান। সেখানে তিনি দণ্ডের বিভিন্ন কার্যক্রম ঘূরে দেখেন এবং কর্মকর্তা-কর্মচারীদের সাথে কথা বলেন।

পরে তিনি এনসিটিবি'র উর্ধ্বর্তন কর্মকর্তাদের সাথে বৈঠক করেন। এনসিটিবি'র চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা, সদস্য ড. মিয়া ইনামুল হক সিদ্দিকীসহ এনসিটিবি'র বিভিন্ন শাখার কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন। এসময় শিক্ষামন্ত্রী আগামী বছরের প্রাক-প্রথমিক থেকে নবম শ্রেণির বিনামূল্যের পাঠ্যপুস্তক ছাপার প্রস্তুতি ও গৃহীত কার্যক্রম সম্পর্কে কর্মকর্তাদের কাছে জানতে চান। তিনি পাঠ্যপুস্তক যথাসময়ে ছাপা সম্পন্ন করা এবং বিতরণের প্রস্তুতি বিষয়ে তাগিদ দেন। সময়মত এসব কাজ শেষ করার ব্যাপারে কর্মকর্তাদের কাছ থেকে নিশ্চয়তা চান শিক্ষামন্ত্রী।

এসময় এনসিটিবি'র কর্মকর্তারা তাঁকে আশ্বস্ত করেন এবং সময়মত ছাপার কাজ সম্পন্ন হবে বলে জানান। তারা বলেন, বই ছাপার টেক্সটারসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পাদন করা হচ্ছে। প্রতি বছরের ন্যায় ২০১৮ সালের ১ জানুয়ারি শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়া সম্ভব হবে বলে তারা মন্ত্রীকে আশ্বস্ত করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সবার মিলিত প্রচেষ্টায় বছরের শুরুতে প্রথম থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দিতে চাই। সারা পৃথিবীতে এটা এক অতুলনীয় উদাহরণ। এ ধারা অব্যাহত রাখতে তিনি সংশ্লিষ্টদের আত্মিকতার সাথে কাজ করার আহবান জানান। এ ব্যাপারে যেকোন ধরনের গাফিলতি ও ব্যর্থতা মেনে নেয়া হবে না বলেও হঁশিয়ার করেন মন্ত্রী।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯